২৬/৮/২০০১

তারিখ ............ 
পৃষ্ঠা ...৬... কলাম ...২...

দৈনিক সংবাদ

# তারা দুমাসের জন্য কলেজে ছাত্র রাজনীতি বন্ধ করার আহ্বান জানিয়েছেন

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশকঃ বিএম কলেজের একমাত্র ছাত্রীনিবাস বনমালী গাঙ্গুলি ছাত্রীনিবাসে অবস্থানকারী দলনিরপেক্ষ ছাত্রীরা আগামী ২ মাসের জন্য কলেজে ছাত্র রাজনীতি বন্ধ ঘোষণার দাবি জানিয়েছেন।

আওয়ামী লীগ সরকারের আমলে ছাত্রলীগ দলীয় নেত্রীদের উৎপাতে সাধারণ ছাত্রীরা উৎপীড়িত হয়েছে। আওয়ামী লীগ ক্ষমতা ছাড়ার পর ছাত্রদলের নেত্রীরা বহিরাগতদের সহযোগিতায় ছাত্রলীগের নেত্রীদেরকে হোস্টেল ত্যাগে বাধ্য করে। এরপর শুরু হয় ছাত্রদলের নির্যাতন। ছাত্রদলের নেতারা অসুস্থ, মোবাইল ফোনের কার্ড কেনা লাগবে ইত্যাদি নানা অজুহাতে সাধারণ ছাত্রীদের কাছ থেকে জোর করে চাঁদা আদায় করা হয়। ছাত্রীদের বাধ্য করা হয় ছাত্রদলের পক্ষে মিছিল করতে। কিন্তু বহিরাগতদের ন্যোংরা ভাষায় গালাগালি ও নির্যাতনের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য সাধারণ ছাত্রীরা এখন নীরবে সবকিছু সহ্য করতে বাধ্য হচ্ছে।